দৈনিক ইত্তেফাক

তারিখ ....................

পৃঃ ৩ কলাম ১......

11

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানে অপ্রীতিকর ঘটনা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত শনিবার ছাত্র ইউনিয়ন ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মঞ্জুর-এ-খুদা (টরিক) অত্র বিশ্ববিদ্যালয় এবং এখানকার ছাত্র-ছাত্রীদের সম্পর্কে অশ্রাব্য গালিগালাজ করায় ক্যাম্পাসে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হইয়াছে। তিনি তাহার বক্তব্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নামের তীব্র বিরোধিতা করিয়া ইহার কোন প্রয়োজন

(৯ম পৃঃ দ্রঃ)

### ইসলামী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

নাই উল্লেখ করিয়া বলেন, "এখানে যতসব ফকির-মিসকিনের সন্তান পড়ে। মাদ্রাসা শিক্ষার এই ঘাঁটি বন্ধ করা হউক।" তাহার এহেন বক্তব্যের পর সভাস্থলের আশপাশের কয়েক শত ছাত্র-ছাত্রী উহার কঠোর নিন্দা জানায় ও বিক্ষোভ প্রদর্শন করে। এক পর্যায়ে সংঘর্ষের আশংকা দেখা দিলে প্রক্টোরিয়াল কমিটি পরিস্থিতি আয়ত্তে আনে। ভাইস চ্যান্সেলর প্রফেসর কায়েস উদ্দিন উক্ত নেতার এহেন আপত্তিকর ও দুঃখজনক মন্তব্যে অসন্তোষ প্রকাশ করিয়া এ ব্যাপারে প্রক্টোরিয়াল কমিটিকে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়াছেন।